



ডিন অফিস
বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919
PABX : 9661900-72/4344, 4345
E-mail : dean@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৮-২০১৯

তারিখ : ০৫ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
২২ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ

ক-ইউনিট ভর্তি : ২০১৮-২০১৯
অপেক্ষমান তালিকা থেকে বিভাগ মনোনয়ন

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ক-ইউনিটের অপেক্ষমান তালিকায় যেসকল প্রার্থী ইউনিটভুক্ত বিভাগসমূহের শূন্য আসনে ভর্তির জন্য অদ্য ০৫/০১/২০১৯ তারিখে সাক্ষাৎকারে অংশগ্রহণ করেছে, সেসকল শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগের শূন্য আসনে ভর্তির জন্য মনোনীত করা হলো। সংশ্লিষ্ট শিক্ষার্থী লগইন করে সে তার মনোনীত বিভাগ/ফলাফল জানতে পারবে। সংশ্লিষ্ট প্রার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্তে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

- ১। যেসকল শিক্ষার্থী সাক্ষাৎকারে এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূলগ্রেডশীট জমা দেয়নি সেসকল প্রার্থী মনোনীত বিভাগে ভর্তি হতে আগ্রহী হলে আগামী ০৭/০১/২০১৯ তারিখ সোমবার বিকেল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূলগ্রেডশীট জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগের আসন নিশ্চিত করতে হবে। উক্ত সময়ের মধ্যে মূলগ্রেডশীট জমা দিতে ব্যর্থ হলে উক্ত সময়ের পর তার ভর্তির মনোনয়ন বাতিল করা হবে এবং তাৎক্ষণিকভাবে অন্য প্রার্থীকে ভর্তির জন্য মনোনীত করা হবে।
- ২। উক্ত তালিকায় ভর্তির জন্য মনোনীত কোন প্রার্থী ভর্তি হতে আগ্রহী না হলে আগামী ০৭/০১/২০১৯ তারিখ সোমবার বিকেল ৫.০০ টার মধ্যে তার এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূলগ্রেডশীট বিজ্ঞান অনুষদের ডিনের অফিস থেকে উঠিয়ে নিতে পারবে। অন্যথায় তাকে সংশ্লিষ্ট বিভাগে ভর্তি হওয়া ছাড়া তার মূলগ্রেডশীট ফেরত দেওয়া হবে না।
- ৩। ভর্তির জন্য মনোনীত তালিকার কোন প্রার্থী উক্ত সময়ে মূলগ্রেডশীট জমা না দিলে কিংবা ভর্তির মনোনয়ন বাতিল করে মূল গ্রেডশীট ফেরত নেওয়ার পর সৃষ্ট শূন্য আসনে সাক্ষাৎকারে অংশগ্রহণকারীদের মধ্য থেকে মেধাক্রমের ভিত্তিতে বিভাগ মনোনয়ন দিয়ে সংশ্লিষ্ট প্রার্থীদের চূড়ান্ত তালিকা ০৮/০১/২০১৯ তারিখ মঙ্গলবার প্রকাশ করা হবে এবং এসকল প্রার্থীকে আগামী ০৯/০১/২০১৯ থেকে ১৪/০১/২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৪। **ভর্তির সময় নিম্নোক্ত কাগজ-পত্রাদি প্রয়োজন হবে**
 - (ক) ডিন অফিস কর্তৃক Transcript Received সিলযুক্ত ক-ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
 - (খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার গ্রেডশীটের ফটোকপি
 - (গ) এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ০২টি ফটোকপি (কোন প্রার্থীর নিকট এইচ.এস.সি. পরীক্ষার প্রবেশ পত্রের ফটোকপি না থাকলে তা পরে জমা দিতে হবে)
 - (ঘ) অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র (কর্মস্থল অথবা প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত)
 - (ঙ) শিক্ষার্থীর সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (Testimonial) -এর ফটোকপি
 - (চ) পাসপোর্ট সাইজের ছবি (৬ কপি)

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, ক-ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়